# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৪.১৪২

তারিখ: ২০ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৪ আগস্ট, ২০২৪ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪(চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং ২ (দুই) বছর মেয়াদি সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম ও ২য় পর্যায়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ইতোমধ্যে প্রকাশিত ফলাফলে অপেক্ষমান তালিকায় থাকা শিক্ষার্থীসহ ৩য় পর্যায়ের আবেদনকৃত শিক্ষার্থীদের ফলাফল ০৫.০৮.২০২৪ ইং তারিখ সকাল ১০ ঘটিকায় প্রকাশ করা হবে। নির্বাচিত শিক্ষার্থীদের মোবাইলে SMS প্রেরণ করা হবে। এছাড়া শিক্ষার্থীরা ওয়েবসাইটে (www.btebadmission.gov.bd) ভিউ রেজাল্ট বাটনে ক্লিক করে রোল, পাশের সন ও বোর্ড লিখে ফলাফল দেখতে পারবে। একই সাথে শিক্ষার্থী লগ ইন করে ও ফলাফল জানতে পারবে। ৩য় পর্যায়ের ফলাফলে চান্স প্রাপ্ত শিক্ষার্থীদের নিশ্চায়ন ০৫.০৮.২০২৪ তারিখ হতে ০৮.০৮.২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন ও নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে নিশ্চায়নের প্রয়োজন নেই। কোন শিক্ষার্থী কাংখিত টেকনোলজি বা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পেলে মাইগ্রেশন বন্ধ করতে পারবে (যা সাধারণত খোলা থাকে), বন্ধ না করলে মাইগ্রেশন হলে বোর্ড কতৃপক্ষ দায়ী থাকবে না ।

ভর্তি আবেদন ফি প্রদান পদ্ধতিসহ আবেদনের নিয়মাবলি ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.btebadmission.gov.bd) পাওয়া যাবে। ভর্তি বিষয়ক যে কোন তথ্যর জন্য অফিস চলাকালিন সময়ে ০১৩২২৮৩০৩০৮, ১৩২২৮৩০৩০৯ নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা হল ।

**১ম, ২য় ও ৩য় পর্যায়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এসএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, সদ্য তোলা ছবি (৩ কপি), প্রশংসাপত্র (ফটোকপি) জমা প্রদান সাপেক্ষে স্ব শরীরে উপস্থিত হয়ে প্রাতিষ্ঠানিক ভর্তির শুরুর তারিখ ১১.০৮.২০২৪ নির্ধারণ ছিল । যা অনিবার্যকারণবশত স্হগিত করা হল । প্রাতিষ্ঠানিক ভর্তির তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে ।**

৪.৮.২৪

(প্রকৌশলী মো: রকিব উল্লাহ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
০৩. মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা ।
০৪-০৭. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইসিটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. অধ্যক্ষ, বর্ণিত কারিকুলাম পরিচালিত প্রতিষ্ঠানসমূহ ।
০৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। ।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি।

০৪.০৮.২৪

(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)
কারিকুলাম বিশেষজ্ঞ (দা.ভোক:)
ও সমন্বয়ক
ডিপ্লোমা ও উচ্চ মাধ্যমিক পর্যায় ভর্তি কার্যক্রম
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।